

# 🗏 আল-ইনশিকাক | Al-Inshiqaq | ٱلْإِنْشِقَاق

আয়াতঃ ৮৪:২

## 💵 আরবি মূল আয়াত:

# وَ اَذِنَت لِرَبِّهَا وَ حُقَّت ﴿٢﴾

#### 

আর তার রবের নির্দেশ পালন করবে এবং এটাই তার করণীয়। — আল-বায়ান এবং স্বীয় রব-এর নির্দেশ পালন করবে, আর তাই তার করণীয়। — তাইসিরুল এবং ওটা স্বীয় রবের আদেশ পালন করবে, আর ওকে তদুপযোগী করা হবে, — মুজিবুর রহমান And has responded to its Lord and was obligated [to do so] — Sahih International

#### ২. আর তার রবের আদেশ পালন করবে এবং এটাই তার করণীয়।(১)


(১) এখানে কেয়ামতের দিন আকাশ ও পৃথিবীর উপর আল্লাহ্ তা'আলার কর্তৃত্ব সম্পর্কে বলা হয়েছে, وَأَذِنَتْ لِرَبِّهَا وَحُقَّتْ) এর মধ্যে فَاذِنَتْ لِرَبِّهَا وَحُقَّتْ) এর শান্দিক অর্থ হয়, "সে নিজের রবের হুকুম শুনবে।" এর মানে শুধুমাত্র হুকুম শুনা নয় বরং এর মানে সে হুকুম শুনে একজন অনুগতের ন্যায় নির্দেশ পালন করেছে এবং একটুও অবাধ্যতা প্রকাশ করেনি। [সা'দী] আর عُمَّتُ এর অর্থ "আদেশ পালন করাই তার ওয়াজিব কর্তব্য ছিল"। কারণ সে একজন মহান বাদশার কর্তৃত্বাধীন ও পরিচালনাধীন। যাদের নির্দেশ অমান্য করা যায় না, আর তার হুকুমের বিপরীত করা যায় না। [ইবন কাসীর; সা'দী]

তাফসীরে জাকারিয়া

## ২। এবং তা স্বীয় প্রতিপালকের আদেশে কর্ণপাত করবে।[1] আর এটিই তার কর্তব্য। [2]

- [1] অর্থাৎ, আল্লাহ তাকে ফেটে যাওয়ার যে আদেশ করবেন, তা সে শুনবে ও পালন করবে।
- [2] অর্থাৎ, তার জন্য এটা কর্তব্য যে, সে শ্রবণ করে এবং আনুগত্য করে। এই জন্য যে, তিনি হলেন সবারই উপর প্রভাবশালী এবং সবাই তাঁর আয়ত্তে। কে আছে, যে তাঁর হুকুম অমান্য করতে পারে?

তাফসীরে আহসানুল বায়ান





👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন